

সম্পর্ক

## গোপনীয়তা সম্পর্কের অন্তরায়

বন্ধু হোক, প্রেমিক হোক, কিংবা স্বামী-স্ত্রী যেকোনো সম্পর্কে সবার একই চাওয়া যেন দু'জনের মাঝে কোনো গোপনীয়তা না থাকে। যেকোনো সম্পর্কে বাঁধার একটা অন্যতম কারণ সিক্রেস মেইনটেইন করা। জীবনটা অনেক ছোট আবার অনেক ছোটও না। জীবনের নানা মোড়ে অনেক ঘটনা ঘটে। কখনো ছোট, কখনো বড়। সেসব ঘটনার সঙ্গে জড়িয়ে থাকে নানারকম আবেগ। সময় পরিবর্তনের সঙ্গে সঙ্গে এসব আবেগও পাল্টায়। তখন এসবকে অনেক ঠুনকো মনে হয়। অনেক সময় এমন কিছু হয় যে,

সঙ্গীর সঙ্গে অনেক খোলামেলা হওয়া যায়। কিছু গোপন করার আগে ভাবুন আপনি কী চান যে আপনার সঙ্গী এমন কোনো ঘটনা আপনার কাছ থেকে গোপন করুক? যদি উত্তর 'না' হয়, তবে নিজে যা করছেন তা ঠিক না, এমনটি ভাবতে শিখুন

এসব ঘটনাকে মাটি চাপা দিয়ে রাখতে চান। অথচ এসব ঘটনার মধ্যে এমন কিছুও থাকে যা কোনো না কোনো সময় ঘুরেফিরে আপনার জীবনে মিশে যেতে পারে। সে সময়টার কথা অবশ্যই মনে রাখতে হবে।

সে যা হোক, এত কিছুর সার কথাটা হলো এই যে তথাকথিত গোপন কথা, বা গোপন ঘটনা এসব আপনার সঙ্গীর কাছ থেকে লুকাচ্ছেন কি-না। কারণ গোপনীয়তা সম্পর্কের অন্যতম অন্তরায়। আধুনিক যুগে মানুষ নিজেকে যতই আধুনিক ভাবুক গোপনীয়তা মেইনটেইন করার মানসিকতাটা কিন্তু সেকেলে। এখন সঙ্গীর সঙ্গে অনেক খোলামেলা হওয়া যায়। কিছু গোপন করার আগে ভাবুন আপনি কী চান যে আপনার সঙ্গী এমন কোনো ঘটনা আপনার কাছ থেকে গোপন করুক? যদি উত্তর 'না' হয়, তবে নিজে যা করছেন তা ঠিক না, এমনটি ভাবতে শিখুন। হ্যাঁ, ভাববার বিষয় ঘটনাটা কতদিন ধরে গোপন রেখেছেন। অনেক দিন পুরনো রদ্দি হলে বলা না বলাটা সঙ্গীর মানসিকতার ওপর নির্ভর করে। তবে সাম্প্রতিক কোনো ঘটনা কখনো লুকাবেন না। কারণ এতে কেবল দূরত্ব বাড়বে। কারণ কোনো ঘটনাই চিরদিন লুকিয়ে রাখা যায় না। বরং শেয়ার করলে আপনার ওপর সঙ্গীর আস্থা বাড়বে। আর সেই আস্থা হবে চির অটুট।

নুসরাত জাহান

## এই পক্ষের ভাগ্যচক্র

জেনে নিন এই পক্ষে আপনার ভাগ্যে কি আছে...

**মেঘ :** আপনি সিদ্ধান্তহীনতায় ভুগছেন। ছুট করে কোনো কিছু শুরু করবেন না। স্বাস্থ্যের প্রতি নজর দিন। সতীর্থদের সঙ্গে সময় ব্যয় করুন। অনেকের মধ্যে নেতিবাচক ধারণা জন্মাতে পারে। ব্যক্তিত্বসম্পন্ন মানুষ বলে আপনার পেছনে অনেকে কথা লাগাতে চেষ্টা করবে।

**বৃষ :** সামনের কয়েকটা দিন সাবধানে চলুন। কর্মক্ষেত্র বা আড্ডায় নিজের ব্যক্তিগত জীবনের স্পর্শকাতর কোনো তথ্য প্রকাশ করবেন না। হিতে বিপরীত হবে। বাদানুবাদে জড়ানোর সময় এটি নয়। সমঝোতাই একমাত্র পথ। না হলে আইনি সমস্যার সমাধান হবে না। খরচের ক্ষেত্রে মিতব্যয়ী হোন।

**মিথুন :** অন্যরা আপনার সরলতার সুযোগ নেয়। আপনার পরিকল্পনা নিজের নামে চালাতে চেষ্টা করবে বন্ধুরা। অবসরে পুরনো বন্ধুদের নিয়ে ভালো সময় কাটবে। চলে যাবেন পুরনো সময়ে। দুর্ঘটনার ঝুঁকি রয়েছে এ সময়ে।

**কর্কট :** ব্যবসায়ীরা মন্দ সময় কাটাবেন। কেউ কেউ নতুন ব্যবসা ক্ষেত্রের সন্ধান পাবেন। অনেকে ঘুরতে চলে যেতে পারেন। বন্ধুদের সঙ্গে ভুল বোঝাবুঝি থেকে সাবধান। ভেবে-চিন্তে সিদ্ধান্ত নিন।

**সিংহ :** দাম্পত্য জীবনে বিপর্যয়ের মুখোমুখি হবেন। তিক্ততার সৃষ্টি হতে পারে। অযথা বাগড়ায় জড়াবেন। প্রিয়জনকে বরং একটু এড়িয়ে চলুন। বেশ কিছু অর্থ বিনিয়োগের সম্ভাবনা আছে। হঠাৎ করে নতুন বন্ধুর আগমন ঘটতে পারে আপনার জীবনে।

**কন্যা :** হঠাৎ করে অর্থপ্রাপ্তির যোগ আছে। বেরিয়ে পড়ার জন্য দারুণ সময়। বয়োজ্যেষ্ঠদের কোনো সমস্যা সমাধানে জড়িয়ে পড়বেন। জটিল সমস্যাটি ভাবাবে আপনাকে। প্রিয়জনের ওপর অযথা চাপ প্রয়োগ করবেন না। দুর্ঘটনার সম্ভাবনা আছে।

**তুলা :** এক ধরনের মানসিক অস্থিরতায় আপনি ভুগছেন। মনে রাখবেন অর্থই সকল সমাধান নয়। পরিবারকে উপেক্ষা করার সময় এটি নয়। বন্ধুদের যেকোনো প্রস্তাবে রাজি হবেন না। এরই মধ্যে পুরনো প্রেম এসে উকি দিতে পারে।

**বৃশ্চিক :** প্রিয়জনকে এমন কোনো কথা দেবেন না- যা আপনার পক্ষে রাখা অসম্ভব। এমন প্রতিজ্ঞা আপনার ব্যক্তিগত সম্পর্কে নিম্নগতি এনে দিতে পারে। অর্থ বিনিয়োগে ঝুঁকি নিলে তা থেকে ইতিবাচক ফল পাবেন। অন্যের পরামর্শ নিতে ভেবে-চিন্তে নেবেন।

**ধনু :** প্রেমের এমন কঠিন পরীক্ষায় অবতীর্ণ হতে হবে- যা আপনি ভাবতে পারেননি। জীবন এমনই। আয়নার সামনে নিজেকে দাঁড় করান। যুক্তি এবং আবেগের নিরীক্ষায় সিদ্ধান্ত নিন। আপনি সফল হবেনই। তবে সতর্ক থাকবেন।

**মকর :** অন্যের কথায় প্রভাবিত হবেন না। বিশেষ করে কর্মক্ষেত্রে। এমন কোনো কাজে নামবেন না যাতে আপনার সায় নেই। সময়টা এখন খুব একটা অনুকূলে নেই। এই নিয়ে দূর্ভাবনায় থাকবেন না। বাস্তবতাকে মেনে নিন। এটা জীবনেরই অংশ।

**কুম্ভ :** আপনার অস্থিরতা কমান। সবাইকে বন্ধু ভেবে এগোবেন না। বন্ধুবেশী শত্রুরা আপনার চারপাশে আছে। তবে আপনি সাবধানী। লক্ষ্য স্থির করে এগিয়ে চলুন। অর্থ প্রাপ্তির যোগ আছে।

**মীন :** হঠাৎ করে আপনি বিমিয়ে পড়েছেন। এমনকি প্রেমও আপনাকে চাপা করতে পারছে না। এ অবস্থা কাটিয়ে উঠতে হবে। অন্যরা আপনার ব্যাপারে খুব উৎসাহী হলেও আপনি সিদ্ধান্তহীনতায় ভুগেন। এটি কাটিয়ে উঠতে পারলে আপনার ভবিষ্যৎ উজ্জ্বল।

